

দু'একদিনের মধ্যে চূড়ান্ত তারিখ

**সার্ক পররাষ্ট্রমন্ত্রীর আগামী ডিসেম্বরে  
ঢাকায় মূল্যায়ন বৈঠকে বসছেন**

কাগজ প্রতিবেদক : সার্ক পররাষ্ট্রমন্ত্রীরা চলতি বছরের শেষ নাগাদ ঢাকায় মিলিত হবেন। দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা পরিষদভুক্ত স্বাণতিক বাংলাদেশ ছাড়াও পাকিস্তান, ভারত, শ্রীলংকা, নেপাল, মালদ্বীপ ও ভুটানের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠকে যোগ দেবেন। ঢাকায় কূটনৈতিক সূত্রগুলো এ খবর দিয়েছে। পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকের সম্ভাব্য সময় হিসেবে ডিসেম্বর মাসকে বিবেচনা করা হচ্ছে। তবে বৈঠকের চূড়ান্ত তারিখ এখনও নির্ধারিত হয়নি। এ ব্যাপারে স্বাণতিক দেশ হিসেবে বাংলাদেশ সদস্য দেশগুলোর সঙ্গে যোগাযোগ করছে। অন্যান্য সদস্য দেশ বৈঠকের ব্যাপারে তাদের ইতিবাচক মতামত বাংলাদেশকে অবহিত করলেও পাকিস্তানের মতামত এখনও পাওয়া যায়নি। উল্লেখ্য, গত মঙ্গলবার পাকিস্তানের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেয়ার পর বেনজীর ভুট্টো পিপলস পার্টির প্রবীণ সদস্য সরদার ফারুক আহমেদ লেখারীকে পররাষ্ট্রমন্ত্রী

নিয়োগ করেছেন। আগামী দু'একদিনের মধ্যে পাকিস্তানের সঙ্গে যোগাযোগ করে বৈঠকের তারিখ চূড়ান্ত করা

সংশ্লিষ্ট সূত্রমতে, পররাষ্ট্রমন্ত্রীদের আসন্ন বৈঠক হবে তিনদিনের। বৈঠকে এ বছরের ১০ ও ১১ এপ্রিল ঢাকায় অনুষ্ঠিত সার্ক শীর্ষ সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন পরিস্থিতি পুনঃমূল্যায়ন করা হবে। গত শীর্ষ বৈঠকে গৃহীত সিদ্ধান্তগুলোর মধ্যে সাক্ষরতা চুক্তি, দক্ষিণ এশীয় তহবিল গঠন ও দারিদ্র্য বিমোচনে বিশেষ পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া সাত জাতি ফোরামের পররাষ্ট্রমন্ত্রীর সদস্য দেশগুলোর সহযোগিতা বাড়ানোর বিভিন্ন দিক নিয়েও মতবিনিময় করবেন। মন্ত্রীর আসিয়ান ও ইসি জোটসহ অন্যান্য আঞ্চলিক ফোরামগুলোর সঙ্গে সহযোগিতা বাড়ানোর উপায় নিয়েও মতবিনিময় করবে বলে জানা গেছে।

উল্লেখ্য, ১৯৮৫ সালে ঢাকায় শীর্ষ বৈঠকের মধ্য দিয়ে সার্ক ফোরামের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।